ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
ওয়াসা ভবন
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website: www.dwasa.org.bd

স্মারক নম্বরঃ ৪৬.১১৩.২০৮.০০.১৩.০০৩.২০২৪-১০৮১ তারিখঃ ১০.০৬.২০২৬ খ্রিঃ

অফিস আদেশ

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, ঢাকা ওয়াসার বিভিন্ন অফিস/বিভাগ/জোন/দপ্তর/প্রকল্প অফিসসমূহ হতে কর্মকর্তা বদলী/অতিরিক্ত/চলতি দায়িত্ব প্রদানের প্রস্তাব, বিভিন্ন বিষয়ে কমিটি গঠন এবং বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রস্তাব ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা এর নিকট হতে অনুমোদন নিয়ে শুধুমাত্র অফিস আদেশ জারী করার জন্য প্রশাসন বিভাগে নথি প্রেরণ করা হয়, যা সমিচীন নয়। এখন থেকে কর্মকর্তা বদলী/অতিরিক্ত/চলতি দায়িত্ব প্রদানের প্রস্তাব এবং বিভিন্ন বিষয়ে কমিটি গঠনের প্রস্তাব সচিবের দপ্তরে ইউ ও নোটের মাধ্যমে প্রেরণ করতে হবে। প্রেরিত প্রস্তাব অনুমোদনসহ অফিস আদেশ জারীর যাবতীয় কার্যক্রম প্রশাসন বিভাগ হতে সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে, জব ডেসক্রিপশন অনুযায়ী উপরোক্ত কার্যক্রমগুলো প্রশাসন বিভাগ হতে সম্পন্ন হওয়ার কথা। সকলকে জব ডেসক্রিপশন অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। এছাড়া শৃংখলা, নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত নথি ব্যতীত অন্যান্য সকল দপ্তরের নথি সরাসরি ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা এর নিকট উপস্থাপন না করে ডেচপাচের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা এর দপ্তরে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ব্যবস্থাপনা পরিচালক এর অনুমোদনক্রমে,

স্বাক্ষরিত/-
(এস এম জাহাঙ্গীর হোসেন)
সচিব
ঢাকা ওয়াসা
ফোন ঃ ৫৫০১২৪০৯

স্মারক নম্বর ঃ ৪৬.১১৩.২০৮.০০.১৩.০০৩.২০২৪- ১০৮১ তারিখঃ ১০.০৬.২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

০১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন/ওএন্ডএম/আরপিএন্ডডি/অর্থ), ঢাকা ওয়াসা।
০২। প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা।
০৩। বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
০৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আরপিএন্ডডি), ঢাকা ওয়াসা।
০৫। প্রধান রাজস্ব কর্মকর্তা / তত্ত্বাবধায়ক প্রকৌশলী / প্রকল্প পরিচালক, ... , ঢাকা ওয়াসা।
০৬। প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা / প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট (এমআইএস এন্ড বিলিং / জিআইএস), কম্পিউটার সেন্টার, ঢাকা ওয়াসা।
০৮। আইন কর্মকর্তা / উপ-প্রধান (পরিকল্পনা) / ডেপুটি চীফ মাইক্রোবায়োলজিষ্ট, ... , ঢাকা ওয়াসা।
০৯। নির্বাহী প্রকৌশলী / প্ল্যান্ট ম্যানেজার / স্টাফ অফিসার, ... , ঢাকা ওয়াসা।
১০। নির্বাহী ম্যাজিস্ট্রেট, ম্যাজিস্ট্রেট কোর্ট-১ / ২ / ৩, ঢাকা ওয়াসা।
১১। উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা/উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা/উপ-প্রধান নিরাপত্তা ও গোয়েন্দা কর্মকর্তা/উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, ..., ঢাকা ওয়াসা।
১২। উপ-সচিব, ... , ঢাকা ওয়াসা।
১৩। সিস্টেম এনালিষ্ট(এমআইএস), ঢাকা ওয়াসা (ডিজিটাল প্লাটফর্মে ডি-নথি সংশ্লিষ্ট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৪। মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেটওয়ার্ক) (এমআইএস), ঢাকা ওয়াসা (ডিজিটাল প্লাটফর্মে ই-জিপি সংশ্লিষ্ট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১৫। পরিবহন কর্মকর্তা, পরিবহনপুল, ঢাকা ওয়াসা।
১৬। ব্যবস্থাপনা পরিচালক এর ব্যক্তিগত সহকারী, ঢাকা ওয়াসা (ব্যবস্থাপনা পরিচালক এর সদয় অবগতির জন্য)।
১৭। সচিব এর ব্যক্তিগত সহকারী, ঢাকা ওয়াসা (সচিব এর সদয় অবগতির জন্য)।
১৮। রেকর্ড কিপার/পিআইএমএস সেল, প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।
১৯। অফিস কপি।

সচিব
ঢাকা ওয়াসা।